

ঘূর্ণিঝড় ‘সিত্রাং’-এর প্রভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন আজ মঙ্গলবারের সব পরীক্ষা স্থগিত করা হয়েছে। গতকাল সোমবার দুপুরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পরিচালক মো. আতাউর রহমান স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

advertisement 3

এতে বলা হয়েছে, ঘূর্ণিঝড় সিত্রাংয়ের কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠেয় শুধু ২৫ অক্টোবর মঙ্গলবারের সব পরীক্ষা স্থগিত করা হলো। স্থগিত এসব পরীক্ষার সংশোধিত সময়সূচি সংশ্লিষ্ট সবাইকে অতিসত্বর জানানো হবে। পূর্বঘোষিত অন্যান্য তারিখ ও সময়সূচি অপরিবর্তিত থাকবে।

advertisement 4